# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ,ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৩৪৬/২, ঢোলাদিয়া রোড(কাঠগোলা বাজার),ময়মনসিংহ।
ফোন ঃ ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭,
E-mail :chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd


স্মারক নংঃ ময়শিবো/পনি/উমা/০৯/০৪/১৯/১২৩ তারিখঃ ০২/১১/২০২২খ্রিঃ

**বিষয় : প্রশ্নপত্র সর্টিং শেষে সংশ্লিষ্ট সকলে স্বাক্ষর করেছেন মর্মে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ সংক্রান্ত।**

**সূত্র** ঃ শিক্ষা মন্ত্রনালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, সরকারি মাধ্যমিক - ২ শাখা, স্মারক ৩৭.০০.০০০০.০৭১.১৮.২০৫.১৮.২৭৩; তারিখঃ ৩০/১০/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রক্ষিতে এইচএসসি পরীক্ষা ২০২২ পরীক্ষার ভারপ্রাপ্ত কর্মকর্তা সহ সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণের জন্য শিক্ষা মন্ত্রনালয়ের অন্যান্য নির্দেশনা পালনসহ প্রশ্নপত্র সর্টিং শেষে সংশ্লিষ্ট সকলে স্বাক্ষর করেছেন মর্মে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করতে হবে ।

আগামী ০৫/১১/২০২২ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর ই-মেইলে প্রতিষ্ঠানের প্যাডে, স্মারক ও ভারপ্রাপ্ত কর্মকর্তার মোবাইল নম্বর সহ প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তি : শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র।**

০২/১১/২০২২
(মো: সামছুল ইসলাম)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ
ফোন : ০৯১-৫৩৩৩৫
Email : conbisemym@gmail.com

প্রাপক:
ভারপ্রাপ্ত কর্মকর্তা
এইচএসসি পরীক্ষা ২০২২
**পরীক্ষার সকল পরীক্ষা কেন্দ্র**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি মাধ্যমিক-২ শাখা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.১৮.২০৫.১৮-২৭৩

তারিখ: ১৪ কার্তিক, ১৪২৯ / ৩০ অক্টোবর, ২০২২

**পরিপত্র**

**বিষয়: ২০২২ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি), ডিপ্লোমা-ইন-বিজনেস স্টাডিজ, আলিম, একাদশ ও দ্বাদশ শ্রেণির ডিপ্লোমা-ইন-কমার্স চূড়ান্ত পরীক্ষা, এইচএসসি (ভোকেশনাল) এবং এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) পরীক্ষা গ্রহণ সংক্রান্ত।**

২০২২ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা (এইচএসসি), ডিপ্লোমা-ইন-বিজনেস স্টাডিজ, আলিম, একাদশ ও দ্বাদশ শ্রেণির ডিপ্লোমা-ইন-কমার্স চূড়ান্ত পরীক্ষা, এইচএসসি (ভোকেশনাল) এবং এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) পরীক্ষা সুষ্ঠু ও সুশৃঙ্খল পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নেবর্ণিত বিষয়সমূহ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক. পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০(ত্রিশ) মিনিট পূর্বে সকল পরীক্ষার্থীকে অবশ্যই পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করে আসন গ্রহণ করতে হবে। অনিবার্য কারণে কোন পরীক্ষার্থী নির্ধারিত সময়ের পর পরীক্ষা কেন্দ্রে আসলে রেজিস্ট্রারে নাম, রোল নম্বর, প্রবেশের সময় ও বিলম্বের কারণ উল্লেখ করে বিলম্বে আসা পরীক্ষার্থীদের তালিকা প্রতিদিন কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা সংশ্লিষ্ট বোর্ডকে অবহিত করবে;

খ. কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ব্যতীত পরীক্ষা কেন্দ্রে অন্য কেউ মোবাইল ফোন ও মোবাইল ফোনের সুবিধাসহ ঘড়ি, কলম বা অননুমোদিত ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করতে পারবে না। কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ছবি তোলা ও ইন্টারনেট ব্যবহারের সুবিধাবিহীন একটি সাধারণ (ফিচার) ফোন ব্যবহার করতে পারবেন। অননুমোদিত ফোন/ইলেকট্রনিক ডিভাইস ব্যবহারকারীগণের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে;

গ. ট্রেজারি/থানা/নিরাপত্তা হেফাজত হতে প্রশ্নপত্র গ্রহণ ও পরিবহন কাজে নিয়োজিত কর্মকর্তা, শিক্ষক, কর্মচারীগণ কোন ফোন ব্যবহার করতে পারবেন না এবং প্রশ্নপত্র বহন কাজে কালো কাঁচযুক্ত মাইক্রোবাস বা এরূপ কোন যানবাহন ব্যবহার করা যাবে না;

ঘ. প্রত্যেক কেন্দ্রের জন্য একজন করে নির্বাহী ম্যাজিস্ট্রেট/কর্মকর্তা (ট্যাগ অফিসার) নিয়োগ দিতে হবে। ট্রেজারি/থানা/নিরাপত্তা হেফাজত হতে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা বা তাঁর মনোনীত উপযুক্ত প্রতিনিধি ট্যাগ অফিসারসহ প্রশ্নপত্র গ্রহণ করে পুলিশ প্রহরায় কেন্দ্রে নিয়ে যাবেন। নির্বাহী ম্যাজিস্ট্রেট/কর্মকর্তা (ট্যাগ অফিসার)-এর উপস্থিতি ব্যতীত প্রশ্ন বের করা যাবে না বা বহন করা যাবে না;

ঙ. ট্রেজারি/থানা/নিরাপত্তা হেফাজত হতে পরীক্ষার কেন্দ্রে বহুমুখী নির্বাচনী প্রশ্নসহ রচনামূলক/সৃজনশীলের সকল সেট প্রশ্নই নিতে হবে। প্রশ্নের সেট কোড পরীক্ষা শুরুর ২৫ মিনিট পূর্বে জানানো হবে। সে অনুযায়ী নির্ধারিত সেট কোডে পরীক্ষা গ্রহণ করতে হবে। কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (ট্যাগ অফিসার), কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা এবং পুলিশ কর্মকর্তার উপস্থিতি ও স্বাক্ষরে যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক প্রশ্নপত্রের প্যাকেট খুলতে হবে;

চ. পরীক্ষা চলাকালীন এবং পরীক্ষা অনুষ্ঠানের পূর্বে বা পরে পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থী ও পরীক্ষা সংশ্লিষ্ট কাজে নিয়োজিত ব্যক্তিগণ ব্যতীত অন্যদের প্রবেশ সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকবে। এ সময়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশকারী অননুমোদিত ব্যক্তিবর্গের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ছ. অনিবার্য কারণবশত কোন পরীক্ষা বিলম্বে শুরু করতে হলে যত মিনিট বিলম্বে পরীক্ষা শুরু হবে পরীক্ষার্থীদের-কে প্রশ্নপত্রে উল্লেখিত নির্ধারিত সময় থেকে তত মিনিট অতিরিক্ত সময় প্রদান করতে হবে;

জ. পরীক্ষা কেন্দ্রে ও প্রশ্ন পরিবহনে দায়িত্বপ্রাপ্ত আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসহ সংশ্লিষ্ট সকলেই সতর্কতার সাথে দায়িত্ব পালন করবেন;

ঝ. প্রশ্নপত্র সর্টিং শেষে সংশ্লিষ্ট সকলে স্বাক্ষর করছেন মর্মে একটি প্রতিবেদন সংশ্লিষ্ট বোর্ডে প্রেরণ করতে হবে;

৩০/১০/২২

আক্তার উননেছা শিউলী
উপসচিব
ফোন: ০২৫৫১০০৭৪৯
ইমেইল: govt.sec2@moedu.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
০১। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ
০২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/দিনাজপুর/যশোর/বরিশাল/সিলেট/কুমিল্লা/ময়মনসিংহ
০৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
০৪। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, .............................. (সকল) জেলা

**অনুলিপি:**
০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়
০৩। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়
০৪। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।)
০৬। অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১/২) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়